



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

ই-ফাইলিং ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৪ এপ্রিল ২০২২ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ই-ফাইলিং (ই-নথি) ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার শাখার আয়োজনে ২৪ এপ্রিল ২০২২ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের ভার্সুয়াল কনফারেন্স রুমে এ প্রশিক্ষণ কর্মশালাটি অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভূঁইয়া। রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সঞ্চালনায় কর্মশালার উদ্বোধনী পর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ, রেজিস্ট্রার শাখার উপ-রেজিস্ট্রারসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তর প্রধানগণকে ই-ফাইলিং ব্যবস্থাপনা বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের প্রোগ্রামার তরিকুল ইসলাম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস